ALL INDIA RADIO
RNU :: KOLKATA
BENGALI TEXT BULLETIN

DATE – 19.06.2017 TIME – 12:50 P.M.

বিশেষ বিশষ খবর:

১। দেশের প্রধান ব্যাঙ্কগুলি আজ অনুৎপাদিত সম্পদের সমস্যা নিয়ে বৈঠকে বসছে।
২। দার্জিলিং-এ আজ সকাল থেকে কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি ।
৩। বেলুড় মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী আত্মস্থানন্দ মহারাজের অন্ত্যেষ্টি ক্রিয়া আজ সম্পন্ন হবে ।
৪। রাষ্ট্রপতি পদ প্রার্থী নির্বাচনের জন্য বিজেপি-র সংসদীয় বোর্ড আজ বৈঠকে বসছে ।
****

বিপুল পরিমান আনাদায়ী ঋণের ১২ টি অ্যাকাউন্টের মধ্যে ৬টির বিরুদ্ধে পরবর্তী পদক্ষেপ চূরান্ত করতে দেশের অগ্রনী ব্যাঙ্কগুলি আজ মুম্বাইতে বৈঠকে বসেছে । ওই ৬টি অ্যাকাউন্টে মোট আনাদায়ী ঋণের পরিমাণ ১লক্ষ ৬০হাজার কোটি টাকার বেশী । যা ব্যাঙ্কগুলির মোট অনুৎপাদক সম্পদের এক-চতুর্থাংশ । এরমধ্যে ভূষন স্টীলের ঋণ খেলাপির অঙ্ক ৪৪হাজার ৪শো ৭৮ কোটি টাকা । রিজার্ভ ব্যাঙ্কের অভ্যন্তরীন উপদেষ্টা কমিটি, দেউলিয়া আইনের অধীনে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য ১২ টি অ্যাকাউন্টের তালিকা ব্যাঙ্কগুলিকে পাঠায় । এরমধ্যে ছ'টি অ্যাকাউন্ট কোম্পানী আইন ট্রাইবুনাল এন.সি.এল.টি-র কাছে পাঠানোর বিষয়টি আজকের বৈঠকে চূরান্ত করা হতে পারে ।

*****

পাহাড়ে শান্তি স্হাপনের জন্য রাজ্য সরকার বদ্ধ পরিকর বলে মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় জানিয়েছেন। নেদারল্যান্ডস সফরে রওনা হয়ে আজ সকালে কলকাতা বিমান বন্দরে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান, পাহাড়ে আগুন লাগিয়ে, দাঙ্গা না বাধিয়ে মোর্চার উচিত শান্তি স্হাপন করা। তিনি জানান, রাজ্য সরকারের পক্ষ থেকে আজ গান স্যালুটের মাধ্যমে রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রেসিডেন্ট স্বামী আত্মস্হানন্দজি মহারাজের শেষকৃত্য সম্পন্ন করা হবে। মুখ্যমন্ত্রী জানান, রাজ্যের উন্নয়ণের বার্তা পৌঁছে দিতেই তাঁর এই বিদেশ সফর।

....বাইট(মুখ্যমন্ত্রী)...।

এদিকে, দার্জিলিং-এর পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিরাপত্তা ব্যবস্থা আরো কঠোর করা হয়েছে । পাহাড় এলাকায় ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয়েছে । পুলিশের শীর্ষ আধিকারিক জানিয়েছেন, আজ সকাল থেকে দার্জিলিং-সহ পাহাড় এলাকায় বড় কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি । রাস্তায় পুলিশি টহল চলছে ।

আন্দোলনকারীদের আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের আবেদন জানিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং গতকাল বলেন, ভারতের মত গণতন্ত্রে হিংসা কখনও সমাধানের পথ খুঁজে পেতে সাহায্য করে না । মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে গতকালও পাহাড়ের পরিস্থিতি নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর কথা হয়।

কেন্দ্রের ভারীশিল্প দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বাবুল সুপ্রিয় বলেছেন, আলোচনার মাধ্যমে দাজিলিং সমস্যার সমাধান সম্ভব । পশ্চিম বর্ধমানের অন্ডালের বাসকা এলাকায় এক অনুষ্ঠানে গতকাল তিনি সাংবাদিকদের বলেন, একমাত্র আলোচনার মাধ্যমেই পাহাড় এলাকার মানুষদের শান্ত করা যাবে ।

বিজেপি-র রাজ্যসভাপতি দিলীপ ঘোষ, রাজ্য বিভাজনের বিপক্ষে মতপ্রকাশ করেছেন বলে সংবাদসংস্থা পিটিআই জানিয়েছে ।

দলের জাতীয় সম্পাদক রাহুল সিন্‌হা নদীয়ার রাণাঘাটের পায়রাডাঙায় বলেন, রাজ্য সরকার চাইলে পাহাড়ে শান্তি ফেরাতে তাঁরা মধ্যস্থতা করতে পারেন ।

*****

আগামী বুধবার মুখ্যমন্ত্রী হেগ শহরে নেদারল্যান্ডেসের শিল্পপতি ও বনিকসভার প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন । পশ্চিমবঙ্গে বিনিয়োগ করার জন্যে তিনি শিল্পপতিদের আমন্ত্রণ জানাবেন বলে মনে করা হচ্ছে । মুখ্যমন্ত্রীর সঙ্গে অর্থমন্ত্রী অমিত মিত্র, মুখ্যসচিব বাসুদেব বন্দ্যোপাধ্যায়, অর্থ ও শিল্প সচিব, কয়েকজন শিল্পপতি সহ প্রায় ৩৫ জনের এক প্রতিনিধিদল রওনা হয়েছেন । বৃহস্পতি ও শুক্রবার মুখ্যমন্ত্রী রাষ্ট্রসংঘের বৈঠকে যোগ দেবেন । সবুজশ্রী, শিক্ষাশ্রী, সবুজসাথি, কণ্যাশ্রীর মত বিভিন্ন

জনমুখী প্রকল্পের কথা তিনি তুলে ধরবেন । রবিবার তাঁর কলকাতা ফেরার কথা । বিমানবন্দরে মুখ্যমন্ত্রী বলেন, বাংলার কথা তুলে ধরার এ এক বড় সুযোগ ।

...বাইট(মুখ্যমন্ত্রী)..।

*****

এবার পূর্বমেদিনীপুরের ভগবানপুর থেকে ভুয়ো ডাক্তার গ্রেফতার হয়েছে। রুহুল কুদ্দুস নামে ওই ব্যক্তি কোনো ডাক্তারি ডিগ্রি ছাড়াই ভগবানপুর এলাকায় স্ত্রীরোগ বিশেষজ্ঞ হিসেবে নাম ভাঁড়িয়ে চিকিৎসা করতেন। তাঁর কলকাতা মেডিকেল কলেজের ডিগ্রি রয়েছে বলেও রুহুলের দাবি।

*****

রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী আত্মস্থানন্দ মহারাজের প্রয়াণে আজ তাকে শেষ শ্রদ্ধা জানানোর জন্য অগনিত ভক্ত, বেলুড় মঠে ভিড় করেছেন । বেলুড় মঠের সংস্কৃতি ভবনে স্বামী আত্মস্থানন্দের মরদেহ শায়িত রয়েছে ।

আজ রাত সাড়ে ন'টায়, বেলুড় মঠে, গঙ্গার তীরে তাঁর অন্ত্যেষ্টি ক্রিয়া সম্পন্ন হবে । গান স্যালুট দিয়ে তাকে শেষ শ্রদ্ধা জানানো হবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বামীজীর প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন। প্রধানমন্ত্রীর দপ্তর থেকে স্বামীজীর জন্য পুষ্পস্তবক পাঠানো হয়েছে । গুজরাটের রাজকোটে আত্মস্থানন্দের সান্নিধ্যলাভ করেছিলেন প্রধানমন্ত্রী ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্বামী আত্মস্থানন্দের প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন । গতকাল তিনি অধ্যক্ষ মহারাজকে দেখতে হাসপাতালেও যান।

গতকাল বিকেলে, দক্ষিণ কলকাতার রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে, অধ্যক্ষ মাহারাজের জীবনাবসান হয় । তাঁর বয়স হয়েছিল ৯৮ বছর । বার্ধক্য জনিত নানা সমস্যা নিয়ে ২০১৫-র ২১ শে ফেব্রুয়ারী থেকে তিনি ঐ হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন । অবস্থার দ্রুত অবনতি হওয়ায় শনিবার তাকে ভেন্টিলেশনে দেওয়া হয় । গতকাল তিনি রামকৃষ্ণলোকে যাত্রা করেন ।

১৯১৯ সালে ঢাকার কাছে সাবাজপুরে তাঁর জন্ম । মাত্র ২২ বছর বয়সে তিনি বেলুড় মঠে সন্ন্যাসী হিসেবে যোগ দেন । তার আগে, ১৯৩৮-এ তাকে স্বামী বিজ্ঞানানন্দ মন্ত্রদীক্ষা দিয়েছিলেন । দেশ-বিদেশের মিশনের বিভিন্ন শাখায় দায়িত্বপূর্ণ পদে তিনি কাজ করেছেন । ২০০৭-এ তিনি বেলুড় মঠের ১৫-তম অধ্যক্ষ হিসেবে নিযুক্ত হন ।

*****

রাষ্ট্রপতি পদে প্রার্থী নির্বাচনের জন্য বিজেপি-র সংসদীয় বোর্ড আজ বৈঠকে বসছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং দলের প্রধান অমিত সাহ এই বৈঠকে যোগ দেবেন । বৈঠকে, রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে বিজেপি-র গঠিত কমিটির বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে যে আলচোনা হয়েছে বোর্ডকে জানাবে ।

*****

উত্তর লন্ডনে একটি মসজিদের সামনে একটি ভ্যান পথচারিদের ওপর উঠে যাওয়ার ঘটনায় একজন নিহত হয়েছেন । আহত আটজন ।
সেভেন সিস্টার্স রোডে ফনসবেরী পার্ক মসজিদের কাছে এই ঘটনা ঘটে । আহতদের মধ্যে রমজানের উপবাস ভাঙার পর নমাজ শেষে ঘর মুখো অনেকেই আছেন । একজনকে পুলিশ গ্রেপ্তার করেছে ।
প্রধানমন্ত্রী থেরেসা মে ঘটনাটিকে ভয়ঙ্কর আখ্যা দিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন ।

এদিকে, পশ্চিম লন্ডনের উত্তর কেনসিংটনে গ্রেনফেল টাওয়ারে বিদ্ধংসী আগুনে কমপক্ষে ৫৮ জন প্রাণ হারিয়েছেন বলে সরকারীভাবে জানানো হয়েছে।

*****

কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশীরভাগ জায়গায় থমকে থাকা বর্ষা কবে সক্রিয় হয়, তাপদগ্ধ মানুষ এখন তারই অপেক্ষায়। আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপামাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রি বেশী।